অতি জরুরি
নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৭০৫

তারিখঃ ২১-১২-২০২২ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

২৭ ডিসেম্বর ২০২২ তারিখে রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন অনুষ্ঠিত হবে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৩২ ধারা অনুযায়ী অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৬ ডিসেম্বর ২০২২ তারিখে দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৭ ডিসেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবেঃ

(১) ট্রাক (২) পিক আপ (৩) ইজিবাইক

০২। সে সাথে ২৫ ডিসেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

০৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে) নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর বর্ণিত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক'কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হলো।

০৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৬। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

21/12/2022

(মোঃ মনিরুল আলম)
উপসচিব
ফোনঃ ২২৩৩৮১২২৫
ইমেইলঃ dsbrta@rthd.gov.bd

(অপর পাতায় দ্রষ্টব্য)

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০২৭.২১-৭০৫/১(২৩) তারিখঃ ২১-১২-২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০২. সিনিয়র সচিব, ...............................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
০৪. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
০৫. সচিব ...............................................(সকল) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
০৬. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (এর সাথে তাঁর ১১-১২-২০২২ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০২৩.২২-৪৭২ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)
০৭. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা
০৮. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা **(এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**
০৯. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, রংপুর
১১. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা
১২. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ..............................(সংশ্লিষ্ট)
১৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, ....................................(সংশ্লিষ্ট)
১৪. জেলা প্রশাসক, রংপুর
১৫. পুলিশ সুপার, রংপুর
১৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর, অঞ্চল, রংপুর
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০(তিনশত) কপি জরুরিভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)**
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, রংপুর
২০. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ..........................................................(সংশ্লিষ্ট)
২২. জেলা তথ্য অফিসার, রংপুর
২৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০২৩.২২-৪৭২

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

**বিষয় : রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন তফসিল অনুসারে **২৭ ডিসেম্বর ২০২২** তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৬ ডিসেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৭ ডিসেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) ট্রাক (২) পিক আপ (৩) ইজিবাইক

২। সেই সাথে **২৫ ডিসেম্বর ২০২২** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৮ ডিসেম্বর ২০২২** তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য হবে। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত শূন্য আসনের নির্বাচন উপলক্ষে উল্লেখিতরূপে নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে** ক্ষমতা প্রদানের জন্য **নির্দেশক্রমে** অনুরোধ করা হলো।

20/12/2022

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন:০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

Seen
20/12/2022

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বিআরটিএ সংস্থাপন অধিশাখা]

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০২৩.২২-৪৭২

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ........................................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, ........................................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ডিজিএফআই/এনএসআই/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ
৯. পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা ও রিটার্নিং অফিসার, রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন, ২০২২
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, রংপুর
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর
১৬. পুলিশ সুপার, রংপুর
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রংপুর
১৯. জেলা নির্বাচন অফিসার, ...................................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রংপুর
২১. উপজেলা নির্বাহী অফিসার, .................................... (সংশ্লিষ্ট)
২২. জেলা তথ্য অফিসার, রংপুর
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................... এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা নির্বাচন অফিসার, .................................. (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা,.......................................... (সংশ্লিষ্ট) থানা।

20/12/2022

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

D:\2022\2. City Corporation\1. Rongpur City\9.1 Vehicle letter.doc